

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ফেব্রুয়ারি ২২, ২০২৫

[একই নম্বর ও একই তারিখের প্রতিস্থাপিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪৩১/১৫ ডিসেম্বর ২০২৪

নং ৪৩.০০.০০০০.১১৫.০৪.০০৪.২৪.১২২—কবি কাজী নজরুল ইসলামকে ২৪ মে, ১৯৭২ সালে কলকাতা হইতে সপরিবারে ঢাকায় আনয়ন করা হয় এবং তাঁহার বসবাসের জন্য ধানমন্ডিষ্ ২৮ নম্বর (পুরাতন) সড়কের ৩৩০-বি বাড়িটি বরাদ্দ প্রদান করা হয়।

২। কবিকে ১৯৭৬ সালের ১৮ ফেব্রুয়ারি তারিখে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের নাগরিকত্ব প্রদান করা হয় এবং একই বছরে তাঁহাকে একুশে পদকে ভূষিত করা হয়। জীবনাবসানের পর কবিকে পরিপূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সমাহিত করা হয়। পরবর্তীতে তাঁহাকে জাতীয় কবি হিসেবে সম্বোধন করিয়া কবি নজরুল ইনস্টিটিউট আইন, ২০১৮ জারি করা হয়।

৩। ১৯২৯ সালের ১৫ ডিসেম্বর অবিভক্ত ভারতের কলকাতার এলবার্ট হলে সমগ্র বাঙালি জাতির পক্ষ থেকে নেতাজী সুভাষচন্দ্র বসু, বিজ্ঞানী আচার্য প্রফুল্ল চন্দ্র রায়, এস. ওয়াজেদ আলী, দীনেশরঞ্জন দাশ সহ বহু বরেন্য ব্যক্তিত্বের উপস্থিতিতে কবি কাজী নজরুল ইসলামকে 'জাতীয় কাণ্ডারী' এবং 'জাতীয় কবি' হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়। পরবর্তীকালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীন বাংলাদেশে কবির জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে প্রদত্ত বাণীতে মহামান্য রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টাগণ কবিকে 'জাতীয় কবি' হিসেবে আখ্যায়িত করেন। কাজী নজরুল ইসলাম সর্বক্ষেত্রে বাংলাদেশের জাতীয় কবি হিসেবে স্বীকৃত হইলেও তাঁহাকে জাতীয় কবি হিসেবে ঘোষণা করিয়া সরকারিভাবে কোনো প্রজ্ঞাপন জারি করা হয় নাই।

(১১৮৭)

মূল্য : টাকা ৪.০০

৪। যেহেতু, কবি কাজী নজরুল ইসলামের জাতীয় কবি'র মর্যাদার বিষয়টি ইতোমধ্যে প্রতিষ্ঠিত সত্য এবং রাষ্ট্রীয় পর্যায়ে স্বীকৃত, এবং যেহেতু বাংলাদেশের জনগণ তাঁহাকে জাতীয় কবি ঘোষণা করিয়া সরকারি প্রজ্ঞাপন প্রত্যাশা করে সেহেতু, তাঁহাকে ঢাকায় আগমনের তারিখ হইতে (২৪ মে ১৯৭২) জাতীয় কবি ঘোষণাপূর্বক প্রজ্ঞাপন প্রকাশের প্রস্তাব গত ০৫ ডিসেম্বর ২০২৪/২০ অগ্রহায়ণ ১৪৩১ তারিখে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের সভায় অনুমোদন করা হয়।

৫। যেহেতু, কবি কাজী নজরুল ইসলামকে ২৪ মে ১৯৭২ খ্রিষ্টাব্দ হইতে বাংলাদেশের জাতীয় কবি হিসেবে ঘোষণা করিয়া প্রজ্ঞাপন প্রকাশের প্রস্তাব উপদেষ্টা পরিষদের সভায় অনুমোদিত হইয়াছে, সেহেতু, কবি কাজী নজরুল ইসলামকে বাংলাদেশের জাতীয় কবি ঘোষণা করা হইলো এবং ইহা সকলের অবগতির জন্য প্রজ্ঞাপন আকারে প্রকাশ করা হইলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মফিদুর রহমান

অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্ব)।